# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ১১তম বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩১ ডিসেম্বর, ২০১৭ |
| সময় | ঃ | সকাল১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

আলোচ্যবিষয়-১ঃ ২৯ নভেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ গত ২৯ নভেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৭ সালের ১০ম বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হকএর প্রস্তাবের প্রেক্ষিতে এবং সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাহামুদুর হাসান, এএফডব্লিউসি, পিএসসি, অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস এর সমর্থনে সর্বসম্মতিক্রমে গত মাসের সভার (২০১৭ সালের ১০ম বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্যবিষয়-২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে নির্মিতব্য নতুন মার্কেটে দোকান বরাদ্দ নীতিমালা প্রণয়নের জন্য কমিটি গঠন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ২৯ নভেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২ এর মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটে প্রস্তাবিত নতুন মার্কেট নির্মাণের জন্য ফান্ড জেনারেশন, দোকান বরাদ্দ নীতিমালা, নির্মাণ প্রক্রিয়া ও অন্যান্য বিষয়ে স্বয়ংসম্পূর্ণ নীতিমালা প্রণয়ন করার জন্য কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস এর সভাপতিত্বে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি কর্তৃক প্রণীত নীতিমালা সভায় উপস্থাপন করা হয় এবং এর উপর বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থাপিত নীতিমালার উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে প্রস্তাবিত নতুন মার্কেট নির্মাণের জন্য ফান্ড জেনারেশন, দোকান বরাদ্দ নীতিমালা, নির্মাণ প্রক্রিয়া ও অন্যান্য বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

## ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেট এর নির্মিতব্য দোকান/স্পেস বরাদ্দের নীতিমালা

১। ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিয়মানুযায়ী ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট দোকান সমূহ বরাদ্দ প্রদান করবেন।

২। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট এর মার্কেট এর দোকান ০৫ (পাঁচ) বছরের জন্য নির্ধারিত ব্যবসা করার জন্য বরাদ্দ প্রদান করা হবে। যে সকল বরাদ্দ গ্রহীতাগণ রজনীগন্ধা সুপার মার্কেটে ব্যবসা পরিচালনা করে আসছেন তাদের মধ্যে যারা নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করবেন তারা অগ্রাধিকার ভিত্তিতে দোকান বরাদ্দ পাবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৩। প্রতিটি দোকান/স্পেস/ফ্লোর যারা বর্তমানে বরাদ্দকৃত মালিক তাদেরকে নির্মান মূল্যের নির্ধারিত হার ক্যান্টনমেন্ট বোর্ডে জমাপ্রদান সাপেক্ষে প্রাথমিকভাবে ০৫(পাঁচ) বছরের জন্য বরাদ্দ প্রদান করা হবে। বর্তমান দোকান বরাদ্দ গ্রহীতাগণ নির্মিতব্য মার্কেটের দোকান বরাদ্দের জন্য নির্ধারিত নির্মাণ মূল্যের নির্ধারিত হার যথাসময়ে ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করতে হবে। যে সকল দোকান মালিকগণ নির্মাণ মূল্যের নির্ধারিত হার যথাসময়ে পরিশোধে ব্যর্থ হবে তাদেরকে পরবর্তীতে দোকান/স্পেস বরাদ্দ প্রদান করা হবে না। বর্তমান দোকান মালিকদের দোকান বরাদ্দ দেয়ার পর অবশিষ্ট দোকানসমূহ দরপত্র আহবান করে প্রকাশ্য নিলাম অথবা উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বরাদ্দের ব্যবস্থা গ্রহন করা হবে। একই ব্যক্তি এক বা একাধিক দোকানের জন্য আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে প্রতিটি দোকানের জন্য পৃথক পৃথকভাবে সিডিউল ক্রয় করে দরপত্র দাখিল করতে হবে। একই সিডিউলে একাধিক দোকানের দর গ্রহনযোগ্য নহে।

৪। দোকান বরাদ্দ প্রদানের জন্য মূল্যায়ন ও সুপারিশ কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি জমির মূল্য এবং প্রদত্ত দর যাচাই/বাছাই করে দর গ্রহণ/বাতিলের নিমিত্তে সুপারিশ/মন্তব্য প্রদান করবেন।

৫। বরাদ্দকৃত দোকানের মেয়াদ প্রথম ০৫ (পাঁচ) বছর উত্তীর্ণ হওয়ার পর বর্তমান বাজার মূল্যের ১০% দিয়ে পুনবরাদ্দ হবে। ২য় ০৫(পাঁচ) বছর অর্থ্যাৎ প্রথম হতে ১০(দশ) বছর পরে গঠিত কমিটি তৎসময়ের বাজার মূল্যের ১০% টাকা নির্ধারণ করে পুনবরাদ্দ দিবেন।

৬। যে সকল দোকান মালিকগন দোকান বরাদ্দ নিতে ইচ্ছুক তারা নির্ধারিত নির্মাণ মূল্যের ৭০% টাকা অগ্রীম জমা করতে হবে। নির্মাণ মূল্যের অবশিষ্ট ৩০% অর্থ এক মাস পরপর সমান ০৩(তিন) কিস্তিতে পরিশোধ করতে হবে। উক্ত নির্মান মূল্যের উপর সরকার নির্ধারিত ভ্যাট ও উৎস কর প্রযোজ্য। অবশিষ্ট দোকান অর্থাৎ যে সব দোকান ইজারা দেয়া হবে তা দরপত্র গৃহীত হওয়ার পর পত্র প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে নির্মাণমূল্যের ৭০% টাকা পরিশোধ করে প্রাথমিক বরাদ্দ পত্র গ্রহন করবেন। প্রাথমিক বরাদ্দপত্র প্রদানের পরবর্তী মাস থেকে এক মাস পর পর অবশিষ্ট নির্মাণমূল্য ০৪(চার) কিস্তিতে দোকান বরাদ্দ গ্রহীতা কতৃক পরিশোধ করতে হবে। কোন বরাদ্দ গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে এক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ১০,০০০/-(দশ হাজার) টাকা, দুই কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা এবং তিন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বিলম্ব ফি সহ কিস্তির টাকা পরিশোধ করতে হবে। ০৩ (তিন) বা তদুর্ধ কিস্তির অর্থ সময়মত পরিশোধে ব্যর্থ হলে দোকান/স্পেস এর বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

৭। দরপত্র দাখিলের সাথে জামানত হিসেবে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা করতে হবে। উক্ত জামানত কিস্তির সাথে পরবর্তীতে সমন্বয় হবে। সর্বোচ্চ দর প্রদানকারী এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপারগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত ৭০% অর্থ বাজেয়াপ্ত করে কিস্তি হিসেবে জমাকৃত অর্থ হতে ফেরত প্রদান করা হবে। তবে সেক্ষেত্রে কোন সুদ দাবী করা যাবে না।

৮। প্রত্যেক দোকানের জন্য আলাদাভাবে দর উল্লেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে দোকান বরাদ্দের জন্য প্রাথমিকভাবে গঠিত কমিটি কর্তৃক যাচাইকৃত দর বোর্ডের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত কিস্তিতে নির্মাণ মূল্য পরিশোধ করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ চূড়ান্ত অনুমোদনের পর সমূদয় কিস্তির টাকা পরিশোধ সাপেক্ষে দোকান/স্পেস বুঝিয়ে দেয়া হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কোন দোকানের দর অনুমোদন করা না হলে সেক্ষেত্রে তার জমাকৃত জামানতসহ সমুদয় কিস্তির টাকা ফেরত প্রদান করা হবে।

৯। সংশ্লিষ্ট মার্কেটের ১ম তলায় (গ্রাউন্ড ফ্লোর) প্রতি বর্গফুট স্পেসের জন্য কমপক্ষে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা ও ২য় তলায় প্রতি বর্গফুট ১৩,০০০/- (তের হাজার) টাকা এবং ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলার প্রতি বর্গফুট ১০,০০০/- (দশ হাজার) টাকা সর্বনিম্ন দর ধার্য করা হলো। উদ্ধৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক আয়কর-ভ্যাট প্রদেয় হবে। দাখিলকৃত দর ধার্যকৃত দরের কম হলে উক্ত দরপত্র বাতিল বলে বিবেচিত হবে এবং জামানতের ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১০। একই দোকান/স্পেস এর জন্য একাধিক দরদাতার দর একই হলে লটারীর মাধ্যমে বিজয়ী নির্ধারণ হবে।

১১। অনুমোদিত বরাদ্দকৃত দোকানের মাসিক ভাড়া ১ম তলা (নীচ তলা) প্রতি বর্গফুট ৩০(ত্রিশ) টাকা, ২য় তলা প্রতি বর্গফুট ২০(বিশ) টাকা এবং তদুর্দ্ধ দোকানের জন্য প্রতি বর্গফুট ১৫(পনের) টাকা হারে দোকান হস্তান্তরের তারিখ হতে প্রতি মাসে পরিশোধ করতে হবে।

১২। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রতি বছর ৫% হরে দোকান ভাড়া বৃদ্ধি করা হবে।

১৩। নির্ধারিত মাসিক ভাড়া পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে বোর্ডের রেভিনিউ শাখায় পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে ব্যর্থ হলে পরবর্তী মাসে জমা অথ্যাৎ ভাড়া জমা করার পূর্ব পর্যন্ত যে কোন দিন জমা করলে ৫০০(পাঁচশত) টাকা জরিমানা দিতে হবে।

১৪। প্রতিটি দোকানের জন্য পৃথক পৃথক বৈদ্যুতিক মিটার থাকবে। বোর্ড কর্তৃক নির্ধারিত কোম্পানীর মিটার ইজারা গ্রহীতা কর্তৃক দোকানে স্থাপন করতে হবে। মিটার অনুযায়ী বরাদ্দ গ্রহীতা নিজ দায়িত্বে সরকার কর্তৃক ধার্য হারে বিদ্যুৎ বিল নিয়মিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করতে হবে। কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে পুনরায় সংযোগ স্থাপনের জন্য বরাদ্দ গ্রহীতাকে DESA এর নিয়মানুযায়ী সংযোগ ফি প্রদান করতে হবে।

১৫। এয়ার কন্ডিশন, লিফট ও এসকেলেটর স্থাপন এর সার্ভিস চার্জ/মেরামত চার্জ বোর্ড কর্তৃক নির্ধারিত হারে বোর্ডের রেভিনিউ শাখায় জমা করতে হবে। এখানে সার্ভিস চার্জ বলতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্ধারিত বিদ্যুৎ বিল এবং লিফটম্যান/ এসকেলেটর অপারেটরের বেতনসহ ইত্যাদি বাবদ প্রদেয় অর্থকে বুঝাবে।

১৬। রজনীগন্ধা সুপার মার্কেটে নির্ধারিত ব্যবসার ট্রেড অনুযায়ী ব্যবসা পরিচালনা করতে হবে। মার্কেটের পরিস্কার-পরিচ্ছন্নতাসহ নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাপনার ব্যয় বরাদ্দ গ্রহীতাগণকে বোর্ড কর্তৃক ধার্যকৃত হারে পরিশোধ করতে হবে।

১৭। বরাদ্দ গ্রহীতা দোকান অন্যত্র ভাড়া দিলে ভাড়ার পূর্বানুমতি ফি বাবদ ১০,০০০ (দশ হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

১৮। চূড়ান্ত বরাদ্দ প্রাপ্তির পর ১৫(পনের) দিনের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পের মাধ্যমে বরাদ্দ গ্রহীতা ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে । চুক্তিপত্র সম্পাদন করার পর দোকান/স্পেস হস্তান্তর হবে। হস্তান্তরের তারিখ হতে চুক্তিপত্রের মাধ্যমে দোকান বরাদ্দ, দোকানের ভাড়া ও অন্যান্য ফি কার্যকর হবে।

১৯। বরাদ্দ প্রাপ্ত দোকানে কোন অসামাজিক/অবৈধ/সন্ত্রাসী কার্যকলাপ পরিলক্ষিত হলে তাৎক্ষনিক দোকানবরাদ্দ বাতিল করা হবে এবং জমাকৃত সমুদয় অর্থ বজেয়াপ্ত হবে।

২০। বরাদ্দ গ্রহীতা দোকান হস্তান্তরের পূর্বে অবশ্যই ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতি গ্রহন করতে হবে এবং মার্কেটের সকল ব্যবসায়ীকে স্ব স্ব ট্রেড/ধরন অনুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ডে নির্ধারিত ফি পরিশোধ করে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।

**<u>হস্তান্তরের ক্ষেত্রে নিম্নবর্ণিত পূর্বানুমতি ফি প্রদান করতে হবেঃ-</u>**

(ক) মাছ/মাংস/সবজি/পান/মুরগী/মাছের আড়ৎ এর জন্য পূর্বানুমতি ফি ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ও অন্যান্য ট্রেডের দোকানের জন্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।

(খ) উত্তরাধিকার/দান এর ক্ষেত্রেমাছ/মাংস/সবজি/পান/মুরগী/মাছের আড়ৎ এর ক্ষেত্রে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং অন্যান্য ট্রেডের দোকানের ক্ষেত্রে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা প্রদান করতে হবে।

(গ) নামজারী ফি বাবদ হস্তান্তরের ক্ষেত্রে ১০,০০০/-(দশ হাজার) টাকা এবং দান/উত্তরাধিকার ক্ষেত্রে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান করতে হবে। উক্ত ফি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সময় সময় পুনঃ নির্ধারণ করা হবে।

২১। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র ব্যতীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে দোকান বরাদ্দ প্রদান করা যাবে না। বরাদ্দ গ্রহীতাগন কর্তৃক দোকান ভাড়া প্রদানের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ড হতে পূর্বানূমতি গ্রহন করতে হবে।

২২। মার্কেটের সকল দোকানের বরাদ্দ গ্রহীতা/ভাড়াটিয়া/ব্যবসায়ীগনকে ক্যান্টনমেন্ট বোর্ডের সকলসময়ের আরোপিত নির্দেশাবলী মেনে ব্যবসা পরিচালনা করতে হবে।

২৩। ভবিষ্যতে এ ব্যাপারে কোন বিরোধ/আপত্তি উত্থাপিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৪। এই নীতিমালা অনুমোদনের তারিখ হতে ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটে নির্মিতব্য কিচেন মার্কেট এবং অন্যান্য সকল দোকানের ক্ষেত্রে কার্যকর হবে।

আলোচ্যবিষয়-৩ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাক্রার ৬০/বি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী ক্যান্টনমেন্ট বোর্ডের দখলে আনা প্রসংগে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৭ ডিসেম্বর, ২০১৭ তারিখের ৩৯১৭/১/ক্যান্টবোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্র আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় অবস্থিত 'সি' শ্রেণীভূক্ত ২ একর জমি বিশিষ্ট ৬০/বি নং প্লটটি এয়ার কন্ডিশন হোটেল নির্মাণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে ইজারা দেয়ার জন্য ০৪/০৪/১৯৬২ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে অনুষ্ঠিত উন্মুক্ত নিলামের মাধ্যমে জনৈক মোহাম্মদ ইয়াকুব, পিতা-আব্দুল হাকিম, প্রযত্নেঃ জেনারেল আয়রন এন্ড স্ট্রীল কোম্পানী লিমিটেড, ১৬/১, ফরাশগঞ্জ, ঢাকা এর অনুকূলে সর্বোচ্চ দরদাতা হিসেবে ১০/০৪/১৯৬২ তারিখে ৩০ বছর মেয়াদী ৯০ বৎসর পর্যন্ত নবায়নযোগ্য ইজারা প্রদান করা হয়। পরবর্তীতে নানা অজুহাতে হোটেল নির্মাণ কাজ শুরু না করে এক পর্যায়ে ১৯৬৪ সালে ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট আশংকা প্রকাশ করা হয় যে, হোটেলটি ক্যান্টনমেন্ট এলাকায় অবস্থিত হওয়ার কারণে বাণিজ্যিক ভাবে লাভজনক হবেনা বিধায় প্লটটি আবাসিক প্লট হিসেবে ইজারার জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে পরবর্তীতে উক্ত বাণিজ্যিক প্লটটি ০২/০৬/১৯৬৫ তারিখে জেনারেল আয়রন এন্ড স্ট্রীল কোম্পানী লিমিটেড এর নামে আবাসিক প্লট হিসেবে ৯৯ বছরের জন্য ইজারা দেয়া হয়। ১৯৬৮ সালে ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদন নিয়ে প্লটের উত্তর পার্শ্বে আনুমানিক ৫.৬৮ কাঠা জমির উপর ২.৫ তলা একটি বাড়ী নির্মাণ করা হয়। পরবর্তীতেউক্ত প্লটটি বিভাজন করে ৬০/সি ও ৬০/ডি করা হয়েছে। ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারা প্রদত্ত অন্যান্য সকল প্লটের আয়তন কম/বেশী ৭.৫০ কাঠা হলেও ৬০/বি নং প্লটটির আয়তন ১২০ কাঠা, যা বাণিজ্যিক প্লট হিসেবে এয়ার কন্ডিশন হোটেল নির্মাণের জন্য বাণিজ্যিক লীজ দেয়া হয়েছিল।সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের ৩৯১৭/১/ক্যান্টবোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রে ৫ নং অনুচ্ছেদে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০/বি নং প্লটে নির্মিত বাড়ীতে পরিবার পরিজন নিয়ে বসবাসকারী পাকিস্তানী বংশোদ্ভুত বাংলাদেশী নাগরিক জনাব রেজওয়ান হারুন আর্ন্তজাতিক জঙ্গী সংগঠন ISISএর কট্টর সমর্থক ও পাকিস্তানী গোয়েন্দা সংস্থা ISI এর বাংলাদেশের সমন্বয়ক। তিনি আর্ন্তজাতিক জঙ্গী গোষ্ঠির সংগঠক, পৃষ্টপোষক ও অর্থ যোগানদাতা। জঙ্গী কর্মকান্ডের দায়ে সম্প্রতি বন্ধ হয়ে যাওয়া প্রতিষ্ঠান

Lake head Grammer School এর তিনি প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক। ঢাকা সেনানিবাসের মত একটি অতি সংবেদনশীল জায়গায় তার বসবাস/অবস্থান করা জাতীয় নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ হওয়ায় তাকে উক্ত বাড়ী হতে উচ্ছেদ করতঃ স্থায়ী ও অস্থায়ী সম্পত্তি বাজেয়াপ্ত করার জন্য নির্দেশনা জারি করা হয়েছে। উক্ত পত্রের ৬ নং অনুচ্ছেদে বর্ণিত প্লটে বসবাসকারী ব্যক্তিবর্গের মধ্যে জনাব রেজওয়ান হারুন কর্তৃক জাতীয় স্বার্থ ও নিরাপত্তা পন্থী কর্মকান্ডে জড়িত থাকার তথ্য প্রমাণ প্রধানমন্ত্রীর কার্যালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক উত্থাপন করায় উক্ত বাড়িতে বসবাসকারী অন্যান্য ব্যক্তিবর্গও উক্ত কর্মকান্ডে যোগ সাজস বা জড়িত থাকা স্বাভাবিক। ফলে সেনানিবাসের মত সংবেদনশীল স্থানে উক্ত ব্যক্তিবর্গের বসবাস সেনানিবাস তথা জাতীয় নিরাপত্তার প্রতি হুমকি স্বরূপ। সর্বোপরি সিএলএ রুল ১৯৩৭ এর ৩১ ধারার বিধান অনুযায়ী সরকারের পূর্বানুমোদন ব্যতীত বর্ণিত লীজটি প্রদান করায় তা অবৈধ, অকার্যকর ও বাতিল বলে পরিগণিত হওয়ায় বর্ণিত বাড়ীতে বর্তমানে বসবাসকারীগণ অবৈধ দখলদার। উক্ত বাড়ীতে বসবাসকারী অবৈধ দখলদারগণের জরুরী ভিত্তিতে উচ্ছেদ করতঃ জমিটি ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১১ ডিসেম্বর ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০১৪.৩৭.২৮১. ১৭-১৮২ নং পত্রে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের ৩৯১৭/১/ক্যান্টবোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রের অনুচ্ছেদ ৫ এর বক্তব্য অনুযায়ী জরুরী ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা/কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের পরবর্তী নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৪ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৯টি দোকান ইজারার দর অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬৮টি দোকান/স্পেস ইজারার নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর ও দি ডেইলী ইনডিপেনডেন্ট পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১২ ডিসেম্বর ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে তলা ভিত্তিক ১১(এগার)টি দোকান/স্পেস এর জন্য মোট ১২(বার)টি দরপত্র পাওয়া যায়। উক্ত দরপত্রের মধ্যে ০২(দুই) টি দরপত্রে দোকানের নম্বর ভুল লেখার কারণে যাচাই-বাছাই কমিটি কর্তৃক দরপত্র ০২টি বাতিল করা হয়। প্রাপ্ত দরসমূহ নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১. | জনাব মোঃ ইমাম উদ্দিন<br>পিতা- মৃত আসন আলী | ৩য় তলা-০৩<br>(সেকেন্ড ফ্লোর) | ১২৯.২১ | ১৫,০০০/- | ১৮,১০০/- | ২৩,৩৮,৭০১.০০ | ০২ টি |
| ২. | খন্দকার মোস্তাফিজুর রহমান<br>পিতা-মৃত খন্দকার আতিকুর রহমান | ৪র্থ তলা-০৩<br>(থার্ড ফ্লোর) | ১২৯.২১ | ১৪,৫০০/- | ১৫,৩০৩/- | ১৯,৭৭,৩০০.৬৩ | ০১ টি |
| ৩. | কে এইচ মাসরুরা রহমান<br>পিতা- কে এম রহমান | ৪র্থ তলা-১২<br>(থার্ড ফ্লোর) | ১১১.৮৩ | ১৪,৫০০/- | ১৫,২০৩/- | ১৭,০০,১৫১.৪৯ | ০১ টি |
| ৪. | আব্দুল্লাহ আল ফারুক<br>পিতা-মোঃ আছাদুজ্জামান | ৪র্থ তলা-২৮<br>(থার্ড ফ্লোর) | ১৬১.৭৬ | ১৪,৫০০/- | ১৪,৫০৫/- | ২৩,৪৬,৩২৮.৮০ | ০১ টি |
| ৫. | জনাব এম মকসুমুল কাদের<br>পিতা-মরহুম ফয়োজর রহমান | ৫ম তলা-৩২<br>(ফোর্থ ফ্লোর) | ৯০২.৪৭ | ১৪,০০০/- | ১৪,০০০/- | ১,২৬,৩৪,৫৮০.০০ | ০১ টি |
| ৬. | লেঃ জেনারেল মোহাম্মদ মাহফুজুর রহমান, আরসিডিএস, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি<br>পিতা-মরহুম আব্দুস সামাদ | ৯ম তলা-০৬<br>(এইটথ ফ্লোর) | ১৪৩.৬৬ | ১২,০০০/- | ১২,০০০/- | ১৭,২৩,৯২০.০০ | ০১ টি |
| ৭. | ইসমত রেজা<br>মেজর জেনারেল রেজানুর রহমান খান (অবঃ) | ৯ম তলা-০৭<br>(এইটথ ফ্লোর) | ১৪৩.৬৬ | ১২,০০০/- | ১২,০০০/- | ১৭,২৩,৯২০.০০ | ০১ টি |
| ৮. | নাজমুন নিজাম<br>স্বামী-এডমিরাল নিজাম উদ্দিন আহমেদ | ৯ম তলা-১৫<br>(এইটথ ফ্লোর) | ২৫১.০০ | ১২,০০০/- | ১২,০০৫/- | ৩০,১৩,২৫৫.০০ | ০১ টি |
| ৯. | নাজমুন নিজাম<br>স্বামী-এডমিরাল নিজাম উদ্দিন আহমেদ | ৯ম তলা-১৬<br>(এইটথ ফ্লোর) | ২৩৬.৮১ | ১২,০০০/- | ১২,০০৫/- | ২৮,৪২,৯০৪.০০ | ০১ টি |

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর উপরোল্লিখিত ০৯টি দোকানের বিপরীতে দাখিলকৃত দর অনুমোদনসহ দর দাখিলকারীগণের অনুকূলে ১০(দশ) বছর মেয়াদে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৫ঃ রজনীগন্ধা টাওয়ার এর ০১টি দোকান ইজারার দর অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ৩৯ টি দোকান/স্পেস ইজারার নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর ও দি ডেইলী ইনডিপেনডেন্ট পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১২ ডিসেম্বর ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে জনাব মোঃ সাইফুর রহমান, পিতা-আব্দুল হাই কর্তৃক ১২১.৭৬ বর্গফুট বিশিষ্ট ২য় তলার ০৩ নং দোকানের জন্য প্রতি বর্গফুট ১৬,১৫১/- (ষোল হাজার একশত একান্ন)টাকা হিসেবে মোট ১৯,৬৬,৫৪৬/- (উনিশ লক্ষ ছেষট্রি হাজার পাঁচশত ছেচল্লিশ) টাকার একটি মাত্র দরপত্র পাওয়া যায়। উল্লেখ্য যে, ২য় তলার সরকারী দর প্রতি বর্গফুট ১৬,০০০/-(ষোল হাজার) টাকা নির্ধারিত। উক্ত দরটি অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা টাওয়ার ০১টি দোকানের বিপরীতে দাখিলকৃত দর অনুমোদনসহ দর দাখিলকারীর অনুকূলে ১০(দশ) বছর মেয়াদে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রঃ নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | (১) ইয়ামিন আখতার<br>স্বামী-মরহুম কর্ণেল মোঃ মোফাজ্জল হোসেন<br>(২) মোকতাদীর মোঃ ইয়ামিন বিন হোসেন<br>(৩) সালমান শাহ ইয়ামিন<br>সর্বপিতা- মরহুম কর্ণেল মোঃ মোফাজ্জল হোসেন | ৬৫১ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ২. | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মাসুক আহমদ চৌধুরী | ২২১ | মহাখালী ডিওএইচএস | | নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণ (পুরাতন ভবন ভেঙ্গে) |
| ৩. | জনাব আব্দুল মান্নান মুন্সি | সিবি-২০৪/৩ | কচুক্ষেত মৌজা-লালাসরাই | | নতুন ০৭(সাত) তলা ভবন |
| ৪. | জনাব মোঃ হানিফ গং | সিবি-২৩৫ ও ২৩৫/১ | কচুক্ষেত পুরান বাজার | | নতুন ০৭(সাত) তলা ভবন |

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও কচুক্ষেত এলাকার ০৪ টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set backঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত ঃ ৬.১। সভায় বিস্তারিত আলোচনা শেষে Land point of view-তে ডিওএইচএস সমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-৫ এর ক্রমিক নং-২, ৩ ও ৪ এর ০৩টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

৬.২। ক্রমিক নং-১ এ উল্লেখিত ০১টি প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্যবিষয়-৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | 'সেনা ভবন' বোর্ড মেরামত/সংস্কার ও রিফ্লেকটিং স্টীকার পুনঃস্থাপন। | ৩৯,০০০/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিটের০৭/১১/২০১৭ তারিখের পত্র। |
| ২। | ঢাকা সেনানিবাসের রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার, ইউসুফ লাইন, মান্নান লাইন, জিয়া কলোনী, সেনাপল্লী মিরপুর-১৪ শিশুপার্ক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৯৮,৮৬২/- | শিশু পার্ক মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৩। | শহীদ সরণি সংলগ্ন আজিজপল্লীর দক্ষিণ পূর্ব কর্ণারে জিআই পাইপের রেলিং ও সিএমএইচ ইন গেইটের সম্মুখে জেব্রা ক্রোসিং এ (শুধুমাত্র রোগীদের) পারাপার নিয়ন্ত্রণের জন্য রিমোভ্যাবল ফেন্সিং স্থাপন। | ৪৪,০০০/- | বোর্ড তহবিল | উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী |
| ৪। | শহীদ জাহাঙ্গীর গেইটের বাহিরে সেনানিবাস প্রবেশ লেনের জলাবদ্ধতা দূরীকরণের জন্য ফুটপাত ও ড্রেন পরিস্কারকরণ। | ৫৭,০০০/- | নর্দমা খাত | আর্মি এমপি এবং জিই(আর্মি) এর অনুরোধে |
| ৫। | কচুক্ষেত পুরান বাজার এলাকার (চ্যাপ্টার্ড এরিয়া) শহীদ বদিউজ্জামান রোড হতে সিবি-১০৮/১ এর প্রবেশ রাস্তা মেরামতসহ ড্রেন পরিস্কারকরণ। | ৪,০০,৭৭৪/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৬। | হাজী মহসিন সংলগ্ন প্রধান সড়কের ট্রাফিক সিগন্যালে বিদ্যমান হ্যালোজেন লাইট এর পরিবর্তে ১৮টি এলইডি লাইট (মডিউলসহ) স্থাপন। | ৭,৫৫,০০০/- | বোর্ড তহবিল | ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ১৯ ডিসেম্বর ২০১৭ তারিখের পত্র |
| ৭। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের রেকর্ড রুমের ফ্লোরে টাইলস্ স্থাপন ও ছাদ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৫৭,২৫৩/- | ঘরবাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৮। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নিচতলার দক্ষিণ পশ্চিম কর্ণারে গ্যারেজ এবং উত্তর পূর্ব কর্ণারে সিঁড়ি রুম মেরামত ও রংকরণ। | ১,৯৪,২৬৫/- | ঘরবাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৯। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নিচতলার উত্তর পূর্ব পার্শ্বে একটি টয়লেটসহ অজুখানা নির্মাণ কাজ। | ২,১৫,২৫৩/- | অনুদান | সাভূসে অধিদপ্তরের ০৭/১২/২০১৭ তারিখের পত্র। |
| ১০। | ১৯, ২০ ও ২১ অক্টোবর ২০১৭ তারিখে অতি বৃষ্টির কারণে শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ বদিউজ্জামান রোডের সৃষ্ট গর্ত মেরামত কাজ। | ৯৯,৮০০/- | বোর্ড তহবিল | |
| ১১। | মহাখালী ডিওএইচএস এলাকার ৩ নং রোড মেরামতসহ কার্পেটিং (এ্যাসফাল্ট প্লান্টের সাহায্যে) কাজ। | ১৬,৯১,৮৩৭/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/ বোর্ড তহবিল | কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। ঘটনোত্তর অনুমোদনের জন্য। |
| ১২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৪৮/এ ভবন-১ (৪র্থ তলা উত্তর পার্শ্ব) মেরামত ও রংকরণ কাজ। | ১,৪৩,১২৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ১৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ২৫/২ (২য় তলা পূর্ব পার্শ্ব) মেরামত ও রংকরণ কাজ। | ১,৮৪,০৮৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ১৪। | মিরপুর ডিওএইএস এর ৩য় ধাপের রোড নং-২৫ (পুরাতন), ১৩ (নতুন), প্লট নং- ৮৫৯, ৯১৮ থেকে ৮৩৭ পর্যন্ত এ্যাসফাল্ট মেথডে কার্পেটিং কাজ। | ৪৭,৪৭,২৬১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/ বোর্ড তহবিল | |
| ১৫। | মিরপুর ডিওএইএস এর ৩য় ধাপের রোড নং-২৭ (পুরাতন), ১৩/এ (নতুন), প্লট নং- ৯১৭, ১৩৪৬ থেকে ৯২৯ পর্যন্ত এ্যাসফাল্ট মেথডে কার্পেটিং কাজ। | ২৮,৩৫,৯৯১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/ বোর্ড তহবিল | |
| ১৬। | মিরপুর ডিওএইএস এর ৩য় ধাপের রোড নং-২৭/বি, এভিনিউ-৩ এর প্লট নং- ৮৬০, ৮৫৮ থেকে ১৩৩৪ পর্যন্ত এ্যাসফাল্ট মেথডে কার্পেটিং কাজ। | ৪১,২৯,৩৫৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/ বোর্ড তহবিল | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | মহাখালী ডিওএইচএস এলাকার ৭ নং রোড এবং মহাখালী প্রবেশ গেইট হতে দক্ষিণ দিকে সেন্ট্রাল ডাস্টবিন হয়ে ৪ নং পানির পাম্প পর্যন্ত এবং রোড নং-১৯/বি (আংশিক) মেরামতসহ কার্পেটিং (এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে) কাজ। | ১৬,১৭,৬৬৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/ বোর্ড তহবিল | মহাখালী ডিওএইচএস পরিষদরে ২৭.১২.২০১৭ তারিখের পত্র। |

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে আলোচ্যবিষয়-৭ এর ১৭টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-২, ৪, ৭, ৮, ১২ ও ১৩ এ বর্ণিত ০৬(ছয়)টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ৩, ৫, ৬, ৯, ১০, ১১, ১৪, ১৫, ১৬ ও ১৭ এ বর্ণিত ১১(এগার)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রঃ নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১. | মিরপুর ক্যান্টনমেন্টের ময়লা খানার ধ্বসে যাওয়া রাস্তা মেরামত কাজ। | ১৯,৭৬,৮৫০/- | মেসার্স ওয়ার্ল্ড ভিশন ইন্টারন্যাশনাল | ১৯,৭৬,৮৫০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২. | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ফুটপাত নির্মাণ, বাউন্ডারী ওয়াল নির্মাণ ও অন্যান্য (৩নং মসজিদের পার্শ্বে পার্ক ও প্লে গ্রাউন্ড) কাজ। | ৩,৬১,৯৮১/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৩,৬১,৯৮১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল |
| ৩. | রজনীগন্ধা সুপার মার্কেট বিদ্যুৎ উপ-কেন্দ্রের ক্যাবল পরিবর্তন কাজ। | ৩,৯৮,৮৯৭/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ (১৪/বি, টিনসেড কলোনী, মিরপুর-১৪) | ৩,৯৮,৮৯৭/- | মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৪. | বনানী ডিওএইচএস এলাকার ৫ নং রোড মেরামতসহ কার্পেটিং (এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে)কাজ। | ২৪,৬৮,৮৯৫/- | দি মুন এন্টারপ্রাইজ | ২৪,৬৮,৮৯৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল |
| ৫. | সশস্ত্র বাহিনী দিবস-২০১৭ উপলক্ষ্যে ঢাকা সেনানিবাসে ট্রাফিক নিয়ন্ত্রণ কাজের জন্য বিভিন্ন মালামাল ক্রয়করণকাজ। | ২০,০৯,৩৩০/- | মেসার্স কাকলী স্যানেটারী | ২০,০৮,৮৫০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৬. | নৌ বাহিনী এলাকার জন্য বিভিন্ন ধরণের ট্রাফিক নিয়ন্ত্রণ সহায়ক সামগ্রী ক্রয়করণ কাজ। | ৩,১৮,০২০/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৩,১৭,৬২০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৬(২য় তলা দক্ষিণ পার্শ্ব) এর ০২টি বাথ রুমের পানির লাইন পুনঃস্থাপন ও ০১টি রুম রংকরণ কাজ। | ৪৬,৯৩১/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৪৬,৯৩১/- | পরিত্যক্ত সম্পত্তির খাত |
| ৮. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস বিক্রির নিমিত্তে ৭০০ (সাতশত) ব্রোশিওর (Brochure) ছাপানো কাজ। | ৩,৪৫,০০০/- | আলী প্রেস | ৩,৪৫,০০০/- | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর আয় হতে |
| ৯. | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ৬০ প্রশস্ত রাস্তা (নিউ এভিনিউ-২, প্লট-১২৬২, ৬১৮ হতে সিএসডি, লোকাল মসজিদ-৩ পর্যন্ত) এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিং কাজ। | ১,৯২,২৭,০২৩/- | মেসার্স কাশেম ট্রেডার্স | ১,৯৯,৯৬,১০৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল |
| ১০. | ১৩ এমপি ইউনিটের আওতাধীন গুরুত্বপূর্ণ রাস্তা শহীদ মঈনুল রোড এবং পদাতিক সরণি রোড সমূহে ট্রাফিক নিয়ন্ত্রণের লক্ষ্যে ২৫টি ইলেকট্রিক তথ্য বোর্ড (৩০´´×৬০´´ ) লেখাসহ সরবরাহ ও স্থাপন কাজ। | ৪,২৫,০০০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৪,২৪,৮০০/- | বোর্ডের স্থানীয় আয় |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোড সংলগ্ন ত্রিকোনা পার্ক উন্নয়ন, মেরামত, রংকরণসহ ০২টি আধুনিক খেলনা (মেরি গো রাউন্ড ও কম্বাইন্ড সুয়িং) স্থাপন কাজ। | ৭,২৬,৪৮৩/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স | ৭,২৬,৪৮৩/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১২. | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৬/এ (নিউ এভিনিউ-২ এবং প্লট নং-১৩২৩, ১৩৪৫, ১৩৫১, ওয়াসা) এর কার্পেটিং (এ্যাসফাল্ট প্লান্ট মেথডে) কাজ। | ৩২,৩৫,৮০২/- | মেসার্স নাজিম এন্টারপ্রাইজ | ৩৩,৯৫,৬৫৩/৮০ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল |
| ১৩. | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৫ আংশিক (নতুন ১৩ এবং প্লট নং-৮৭১, ১৩২২, ৮৫৯, ৯১৮) এর কার্পেটিং (এ্যাসফাল্ট প্লান্ট মেথডে) কাজ। | ২৮,৪৯,৬১০/- | মেসার্স নাজিম এন্টারপ্রাইজ | ২৯,৯০,৩৩৪/২৭ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল |
| ১৪. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনাঃ হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করনের লক্ষ্যে বাহির দেয়ালের উপর প্রতিবন্ধকতা তৈরি, ০৩টি সিসি ক্যামেরা স্থাপন ও পুরাতন ভবনের গেইট নির্মাণ কাজ। | ১,১০,০০০/- | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ১,১০,০০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ১৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬৪/ডি (নিচতলা পশ্চিম পার্শ্ব) নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৬২,৮১৭/- | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ৬২,৮১৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৬. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের রোগীদের সেবা প্রদানের জন্য বেড সাইড টেবিল ও সাধারণ টেবিল ক্রয় এবং হাসপাতালের অপারেশন থিয়েটারের ল্যাপারোসকপি মেশিনের যন্ত্রপাতি সংযোজন কাজ। | - | মেসার্স আর আর ব্রাদার্স | ৪,৩৩,৫০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ১৭. | ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস স্টেশনারী মালামাল সরবরাহকরণ। | ৬,৫৯,৯৮০/- | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ৬,৫৯,৯৮০/- | অফিস স্টেশনারী ও মুদ্রণ বাবদ বাজেট বরাদ্দ (ঠ-৪-ক এবং ঠ-৪-খ) |
| ১৮. | ঢাকা সেনানিবাসের প্রধান রাস্তায় ব্যবহারের জন্য ডিজিটাল রোটার লাইটের ২০টি স্ট্যান্ড সরবরাহ। | ৫৬,০০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ৫৫,৯০০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত (ঙ-২-খ) |
| ১৯. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ২টি ব্র্যান্ডেড ডেস্কটপ কম্পিউটার কোর আই-৫, ৭ জেনারেশন) সরবরাহকরণ। | ১,২৫,০০০/- | মেসার্স মনির এন্ড কোং | ১,২৫,০০০/- | প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত |
| ২০. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার নিরাপত্তা বাতি সচর রাখার লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য বৈদ্যুতিম মালামাল সরবরাহ। | ২২,৬৫,২৯০/- | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ২২,৬৫,২৯০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত (ঙ-২-খ) |

আলোচনা ঃ আলোচ্য বিষয়-৮ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ ৮.১। আলোচ্য বিষয়-৭ এর ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১০, ১১, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯ ও ২০ এর ১৭(সতের)টি প্রকল্পের দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ক্রমিক নং-৯, ১২ ও ১৩ এর বিপরীতে নিম্নবর্ণিতভাবে দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | প্রকল্পের নাম | দাখিলকৃত দর | অনুমোদিত দর |
|---|---|---|---|
| ৯. | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ৬০ প্রশস্ত রাস্তা (নিউ এভিনিউ-২, প্লট-১২৬২, ৬১৮ হতে সিএসডি, লোকাল মসজিদ-৩ পর্যন্ত) এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিং কাজ। | ১,৯৯,৯৬,১০৩/- | ১,৯২,২৭,০২৩/- |
| ১২. | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৬/এ (নিউ এভিনিউ-২ এবং প্লট নং-১৩২৩, ১৩৪৫, ১৩৫১, ওয়াসা) এর কার্পেটিং (প্লান্ট মেথডে) কাজ। | ৩৩,৯৫,৬৫৩/৮০ | ৩২,৩৫,৮০২/- |
| ১৩. | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৫ আংশিক (নতুন ১৩ এবং প্লট নং-৮৭১, ১৩২২, ৮৫৯, ৯১৮) এর কার্পেটিং (প্লান্ট মেথডে) কাজ। | ২৯,৯০,৩৩৪/২৭ | ২৮,৪৯,৬১০/- |

৮.২। ক্রমিক নং-৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯ ও ২০এ উল্লেখিত০৮ (আট)টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

৮.৩। ক্রমিক নং-১, ২, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১১, ১২ ও ১৩ এ উল্লেখিত ১১(এগার)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

৮.৪। ক্রমিক নং-৭ এ উল্লেখিত প্রকল্পটিপরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়ন করতে হবে।

আলোচ্যবিষয়-৯ঃ সিএমএইচ এর আউট গেইটের পূর্ব পার্শ্বে ফুটপাত ভেঙ্গে পূর্বদিকে রাস্তা সম্প্রসারণ ও নতুন করে ফুটপাত নির্মাণ কাজের জন্য ৩৯,৩৪,০০০/- (ঊনচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা ঃ সিএমএইচ এর আউট গেইটের পূর্ব পার্শ্বে ফুটপাত ভেঙ্গে পূর্ব দিকে রাস্তা সম্প্রসারণ ও নতুন করে ফুটপাত নির্মাণ কাজের জন্য মাননীয় সেনাবাহিনী প্রধান মহোদয় কর্তৃক সরজমিনে পরিদর্শন করে সদয় নির্দেশনা প্রদান করেছেন। সিএমএইচ এর আউট গেইটের সম্মুখে (শহীদ সরণিতে) ইউটার্ন থাকায় সঠিক এবং নিরাপদ ট্রাফিক চলাচলের স্বার্থে ফুটপাত ভেঙ্গে রাস্তা সম্প্রসারণ ও নতুন করে ফুটপাত নির্মাণ করা প্রয়োজন। উক্ত কাজের জন্য ৩৯,৩৪,০০০/- (ঊনচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকার মূল্যানুমান ও নকশা প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিএমএইচ এর আউট গেইটের পূর্ব পার্শ্বে ফুটপাত ভেঙ্গে পূর্বদিকে রাস্তা সম্প্রসারণ ও নতুন করে ফুটপাত নির্মাণ কাজের জন্য ৩৯,৩৪,০০০/- (ঊনচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১০ঃ ঢাকা সেনানিবাস এলাকায় আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য ০৫টি এমপি চেকপোষ্ট ও ০৫টি পকেট গেইটে সতর্কতামূলক নোটিশ প্রস্তুত ও স্থাপন কাজের জন্য ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় জনসাধারণের উন্নয়নমূলক খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, এরিয়া কমান্ডার, সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাসের সভাপতিত্বে নিরাপত্তা সংক্রান্ত সভার সিদ্ধান্ত মোতাবেকঢাকা সেনানিবাস এলাকায় বেসামরিক জনগণের চলাচল সংক্রান্ত নির্দেশিকা সকল এমপি চেকপোষ্ট ও পকেট গেইটে টাঙানোর নির্দেশনা প্রদান করা হয়। তদানুযায়ী ০৫টি এমপি চেকপোষ্ট ও ০৫টি পকেট গেইটে লোহার এ্যাঙ্গেল দিয়ে ১০টি নির্দেশনামূলক নোটিশ বোর্ড প্রস্তুত ও স্থাপন করতে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাস এলাকায় বেসামরিক জনগণের চলাচল সংক্রান্ত নির্দেশিকা সম্বলিত ১০টি নোটিশ বোর্ড প্রস্তুত ও স্থাপন বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় জনসাধারণের উন্নয়নমূলক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-১১ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি এবং সাধীনতা সরণির ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজের জন্য ০৪টি ট্রলিগাড়ী ক্রয়ের নিমিত্ত ৩৬,০০০/-(ছত্রিশ হাজার) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি এবং সাধীনতা সরণির ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজের জন্য ৪টি ট্রলিগাড়ী ক্রয়ের জন্য প্রতিটি ৯,০০০/- (নয় হাজার) টাকা হারে ৩৬,০০০/-(ছত্রিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি এবং সাধীনতা সরণির ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজের জন্য ০৪টি ট্রলিগাড়ী ক্রয়ের নিমিত্ত ৩৬,০০০/-(ছত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-১২ঃ আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের 'সি' শ্রেণীর ৩.২৬ একর, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক কলেজের 'সি' শ্রেণীর ৫.৫০ একর এবং শহীদ বীর উত্তর লেঃ আনোয়ার গার্লস কলেজের 'সি' শ্রেণীর ৭.৩০ একরসহ মোট (৩.২৬+৫.৫০+৭.৩০) = ১৬.০৬ একর জমি স্কুল এবং কলেজ কর্তৃপক্ষকে ৯৯ (নিরানব্বই) বছরের জন্য ইজারা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের সম্মেলন কক্ষে গত ২২ অক্টোবর ২০১৭ তারিখে অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অডিট আপত্তিকৃত আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের 'সি' শ্রেণীর ৩.২৬ একর, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক কলেজের 'সি' শ্রেণীর ৫.৫০ একর এবং শহীদ বীর উত্তর লেঃ আনোয়ার গার্লস কলেজের 'সি' শ্রেণীর ৭.৩০ একরসহ মোট (৩.২৬+৫.৫০+৭.৩০) = ১৬.০৬ একর জমি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে ৯৯ (নিরানব্বই) বছরের জন্য সহজ শর্তে ইজারা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের 'সি' শ্রেণীর ৩.২৬ একর, আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক কলেজের 'সি' শ্রেণীর ৫.৫০ একর এবং শহীদ বীর উত্তর লেঃ আনোয়ার গার্লস কলেজের 'সি' শ্রেণীর ৭.৩০ একরসহ মোট (৩.২৬+৫.৫০+৭.৩০) = ১৬.০৬ একর জমি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে ৯৯ (নিরানব্বই) বছরের জন্য বিদ্যমান আইন ও বিধি বিধান অনুসরণ করে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের দোকান নং-০১ হতে ২০ পর্যন্ত এবং পাকা-৫২ ও ৫৩ নং দোকানসহ মোট ২২(বাইশ)টি দোকান পুনঃবরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত পাকা ব্লকের দোকান নং-০১ হতে ২০ পর্যন্ত ২০(বিশ)টি দোকান নিলাম ডাকের মাধ্যমে ১০/৩/১৯৮২ তারিখ হতে ৩০ বছরের জন্য বরাদ্দ প্রদান করা হয়। উক্ত ২০(বিশ) টি দেকোনের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ২৭ জুন ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-০৯ এর সিদ্ধান্তের মাধ্যমে ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার)টাকা সালামীতে মেয়াদ উত্তীর্ণের তারিখ অর্থাৎ ১০/৩/২০১২ তারিখ হতে ৯/৩/২০১৭ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) বছর মেয়াদে পুনঃবরাদ্দ প্রদান করা হয়। পাকা-৫২ ও পাকা-৫৩ নং দোকান ০২(দুই)টি ০৭/০৯/১৯৮৬ তারিখ হতে ৩০(ত্রিশ) বছর মেয়াদে বরাদ্দ প্রদান করা হয়। যার মেয়াদ ০৬/৯/২০১৭ তারিখে উত্তীর্ণ হয়েছে। মোট ২২(বাইশ) টি দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় দোকান মালিকগণ পুনঃবরাদ্দের জন্য আবেদন করেছেন। দোকান সমূহের বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্র/নং | বর্তমান দোকান মালিকের নাম | দোকান নম্বর | কত বছরের জন্য বরাদ্দকৃত | মেয়াদ উত্তীর্ণের তারিখ | পূর্বে ধার্যকৃত সালামীর পরিমান |
|---|---|---|---|---|---|
| ১। | মিসেস নূরজাহান বেগম | পাকা/০১ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ২। | জনাব মোঃ আনোয়ার হোসেন | পাকা/০২ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ৩। | মোঃ হাবিবুর রহমান | পাকা/০৩ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ৪। | মিসেস হাসিনা বেগম | পাকা/০৪ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ৫। | মাওলানা আবু আহমেদ ফারুক | পাকা/০৫ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ৬। | জনাব মোঃ মুকুল আমিন | পাকা/০৬ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ৭। | জনাব মোঃ আব্দুর রহমান | পাকা/০৭ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ৮। | জনাব মোঃ আব্দুর রাজ্জাক গাজী | পাকা/০৮ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ৯। | জনাব মোঃ মাহমুদুল হক | পাকা/০৯ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১০। | জনাব মোঃ শামসুল হক | পাকা/১০ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১১। | জনাব মোঃ আব্দুল গণি | পাকা/১১ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১২। | জনাব মোঃ ইসহাক মিয়াজি গং | পাকা/১২ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১৩। | সুবেদার মোঃ আঃ মান্নান (অবঃ) | পাকা/১৩ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১৪। | জনাব মোঃ আব্দুল হামিদ | পাকা/১৪ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১৫। | জনাব মোঃ আরশাদ আলী | পাকা/১৫ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১৬। | জনাব মোঃ মহিবুর রহমান | পাকা/১৬ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১৭। | জনাব হাঃ শফিউল্যাহ (অবঃ) | পাকা/১৭ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১৮। | জনাব মোহাম্মদ রোকনুজ্জামান | পাকা/১৮ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ১৯। | জনাব মোঃ আব্দুর রাজ্জাক গাজী | পাকা/১৯ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ২০। | হাজী মোঃ আঃ কাদির জায়গীরদার | পাকা/২০ | ০৫ বছর | ০৯/৩/২০১৭ | ১,৫০,০০০/- |
| ২১। | মোঃ জিয়াউল আমিন | পাকা/৫২ | ৩০ বছর | ০৭/০৯/২০১৭ | ১,৬৫,০০০/- |
| ২২। | হাজী এম এ রশিদ | পাকা-৫৩ | ৩০ বছর | ০৭/০৯/২০১৭ | ১,৬৫,০০০/- |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের উপরোল্লিখিত ২২(বাইশ)টি দোকান মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০৫(পাঁচ) বছর মেয়াদে এককালীন ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সালামীতে পুনঃবরাদ্দের সর্বস্মমত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৪ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৭/বি নং প্লট ও প্লটে নির্মিত ০৩(তিন) তলা বাড়ীর যৌথ মালিকগণের মধ্যে মরহুমা সুরাইয়া কাদের(বিনা), স্বামী-এস এম এ কাদের এর অংশ এক মেয়ে ও এক ছেলের নামে উত্তরাধিকারসূত্রে নামজারী প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৭/বি নং প্লটে নির্মিত ০৩(তিন) তলা বাড়ীটি নোটারীকৃত হেবা দলিলমূলে ১২ মে, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচীর-৫(১) এর সিদ্ধান্তে (১) উইং কমান্ডার (অবঃ) এম হামিদুল্লাহ খান,(২) এম শফিকুল্লাহ খান, (৩) এম রফিকুল্লাহ খান,(৪) এম আতিকুল্লাহ খান,(৫) সুরাইয়া কাদের, (৬) রওশন আরা আলম ও (৭) নিলুফার খান, সর্বপিতা-এম দবির উদ্দিন খান এর নামে নামজারী করা হয়। বেগম সুরাইয়া কাদের (বিনা), স্বামী- মরহুম এস এম এ কাদের মৃত্যুবরণ করায় তার অংশটুকু তার কন্যা ফারাহ নাজ মাহমুদ ও পুত্র নওশাদ আওরঙ্গজেব এর নামে উত্তরাধিকারসূত্রে নামজারী করার জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৭/বি নং প্লট ও প্লটে নির্মিত ০৩(তিন) তলা বাড়ীর যৌথ মালিকগণের মধ্যে মরহুমা সুরাইয়া কাদের (বিনা), স্বামী- মরহুম এস এম এ কাদের এর অংশ মরহুমার উত্তরাধিকারী যথাক্রমে কন্যা ফারাহ নাজ মাহমুদ এবং পুত্র নওশাদ আওরঙ্গজেব, সর্বপিতা- মরহুম এস এম এ কাদের এর নামে অচিহ্নিত/অবিভক্ত অবস্থায় যৌথভাবে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৫ঃ লেঃ কর্ণেল সৈয়দ মঈনুল হক, ব্যবস্থাপনা পরিচালক, ইন্টারক্লাউড লিমিটেডকর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, লেঃ কর্ণেল সৈয়দ মঈনুল হক,ব্যবস্থাপনা পরিচালক, ইন্টারক্লাউড লিমিটড কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি চেয়ে ২১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। মিরপুর ডিওএইচএস পরিষদ এর ২৮ডিসেম্বর ২০১৬ তারিখের ১৭১৮/ডিওএইচএস/মিরপুর নং পত্রে উক্ত প্রতিষ্ঠানকে মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সেবাদানে অনাপত্তি নেই মর্মে মতামত প্রদান করা হয়। পরবর্তীতে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.১০২.০১.০৭.১২.১৭ নং পত্রের মাধ্যমে ইন্টারক্লাউড লিমিটড এর অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়। এ প্রসংগে আলোচনায় প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড সভাকে জানান যে, সেনাসদর কর্তৃক ডিওএইচএস এবং সেনানিবাস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের সমন্বিত নীতিমালা প্রণয়নের কার্যক্রম চলছে। এমতাবস্থায় সেনাসদরের অনুমোদন ব্যতিরেকে নতুন কোন প্রতিষ্ঠানকে ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমোদন প্রদান করা সমীচীন হবে না।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ইন্টারক্লাউড লিমিটেড কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের বিষয়টি আপাততঃ বিবেচনা করা হলো না। এ বিষয়ে সেনাসদরের পরবর্তী নির্দেশনা সাপেক্ষে কার্যক্রম গ্রহণ করা হবে।

আলোচ্যবিষয়-১৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান নির্মাণের জন্য জায়গা বরাদ্দের বিষয়ে রাফিয়া হোসেন, পিতা- জনাব মোঃ রকিব হোসেন, ৬৪/৩, সিদ্ধেশরী সার্কুলার রোড, ঢাকা এর ১১ ডিসেম্বর, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে নিজ খরচে দোকান নির্মাণের জন্য জায়গা বরাদ্দ চেয়ে রাফিয়া হোসেন, পিতা- জনাব মোঃ রকিব হোসেন, ৬৪/৩, সিদ্ধেশরী সার্কুলার রোড, ঢাকা গত ১১ ডিসেম্বর, ২০১৭ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন। তিনি একজন ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে রজনীগন্ধা সুপার মার্কেটে ব্যবসায় পরিচালনার নিমিত্তে দোকান করার জন্য জায়গা বরাদ্দ চেয়েছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রাফিয়া হোসেন, পিতা- জনাব মোঃ রকিব হোসেন-কে রজনীগন্ধা সুপার মার্কেটে ১০০ বর্গফুট (কম/বেশী) জায়গা নিজ খরচে দোকান নির্মাণ করার শর্তে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এককালীন সালামী এবং প্রতি বর্গফুট ১২/- (বার) টাকা হারে মাসিক ভাড়ায় ০৫(পাঁচ) বছরের জন্য বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ডেভেলপার কোম্পানী নীডস ইঞ্জিনিয়ার্স এন্ড ডেভলপমেন্ট লিমিটেড এর জমাকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ১২৯০ নং প্লটে বাড়ী নির্মাণ করার জন্য গ্রীনউড ডেভলপার লিমিটেড কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত হয়ে নিরাপত্তা জামানত বাবদ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জমা করা হয়। উক্ত প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে প্লট মালিক এবং ফ্ল্যাট ক্রেতাগণকে যথাযথভাবে বুঝিয়ে দিয়ে জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত প্রদানের জন্য গত ১৭ আগস্ট, ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে গ্রীনউড ডেভেলপার লিমিটেড কর্তৃক মিরপুর ডিওএইচএস এর ৪১৬ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক এবং ফ্ল্যাট ক্রেতাগণের অনাপত্তি ছাড়পত্র এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের ছাড়পত্র সাপেক্ষে সংশ্লিষ্ট ডেভলপারের জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৮ঃ খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা হিসেবে বারিধারা ডিওএইচএস এলাকার নিম্নবর্ণিত বাড়ী/ফ্ল্যাট মালিকগণ গৃহকর মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্রঃ নং | বাড়ী/প্লট মালিকের নাম | প্লট নং | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মেজর মোঃ মীর কাশেম মিয়া (অবঃ) | প্লট#২০০, ডিওএইচএস বারিধারা | মুক্তিযোদ্ধা |
| ২. | এম এ আজিজা খানম<br>স্বামী-মরহুম খলিলুর রহমান | প্লট#৩২২, ডিওএইচএস বারিধারা | মুক্তিযোদ্ধা |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (সিটি কর্পোরেশন-২) এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে রাষ্ট্রীয় খেতাব প্রাপ্ত, শহীদ মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের মালিকানাধীন ইমারত বা জমিতে তাঁহাদের নিজস্ব বসবাসকৃত অংশের উপর হোল্ডিং কর এবং অন্যান্য প্রকৃত মুক্তিযোদ্ধাগণের বসবাসের নিজস্ব মালিকানাধীন হোল্ডিং এ অবস্থিত ইমারত বা জমির উপরস্থিত ১,০০০ (এক হাজার) বর্গফুট আয়তন পর্যন্ত ফ্ল্যাটের উপর হোল্ডিং কর আরোপ করা যাইবে না; তবে শর্ত থাকে যে, মুক্তিযোদ্ধাদের মালিকানাধীন ইমারত বা জমির কোন অংশ বাণিজ্যিক বা ভাড়ায় বা লাভজনক উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্ত ইমারত বা জমির অংশের উপর হোল্ডিং কর আরোপ করা যাইবে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (সিটি কর্পোরেশন-২) এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের শর্তানুযায়ী মিরপুর ডিওএইচএস এর ২০০ এবং ৩২২ নং বাড়ীর শুধুমাত্র নিজ বসবাসের অংশের গৃহকর মওকুফের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৯ঃ ব্র্যাকনেট লিমিটেড এর টেড লাইসেন্সে মালিকের নাম পরিবর্তনের বিষয়ে সানজির আহমেদ চৌধুরী, হেড অব এডমিনিস্ট্রেশন, ব্র্যাকনেট লিঃ এর ২৪/৪/২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ব্র্যাকনেট লিমিটেড, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মেজর জেনারেল সায়ীদ আহমেদ, বিপি, এডব্লিউসি, পিএসসি (অবঃ) এর অনুকূলে ১৫ জুলাই, ২০১৩ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ০৩-০০০৩৯ নম্বর ট্রেড লাইসেন্স ইস্যু করা হয়। ব্র্যাকনেট লিমিটেড এর ২৩ এপ্রিল, ২০১৭ তারিখের বিএনএল/এডমিন/পরিবর্তন/২০১৭/০২০২ নং পত্রের মাধ্যমে কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মেজর জেনারেল সায়ীদ আহমেদ, বিপি, এডব্লিউসি, পিএসসি (অবঃ) এর পরিবর্তে জনাব জহির আহমেদ-কে নিয়োগ করা হয়েছে বিধায় ট্রেড লাইসেন্স সংশোধন করার জন্য অনুরোধ জানানো হয়েছে। উক্ত পত্রের সাথে এতদ্‌সংক্রান্ত কোম্পানীর বোর্ড রেজুলেশন সংযুক্ত করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ব্র্যাকনেট লিমিটেড এর ট্রেড লাইসেন্স কোম্পানীর নতুন ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব জহির আহমেদ এর নামে ইস্যু করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২০ঃ ঢাকা সেনানিবাসস্থ কচুক্ষেত এলাকার সিবি-২৭৩/১ নং প্লটে সংশোধিত ০৫ তলা (৩য় তলার উপর ৪র্থ ও ৫ম তলা) নির্মাণ কাজের সময়সীমা ০১(এক) বছর বর্ধিত করার জন্য সংশ্লিষ্ট প্লট মালিক গুলশানয়ারা আখতার, স্বামী- মেজর (অবঃ) এ. কে. এম. আখতারুজ্জামান এর ২৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসস্থ কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৭৩/১ নং প্লটে সংশোধিত ০৫ তলা (৩য় তলার উপর ৪র্থ ও ৫ম তলা) নির্মাণ কাজের সময়সীমা ০১(এক) বছর বর্ধিত করার জন্য সংশ্লিষ্ট প্লট মালিক গুলশানয়ারা আখতার, স্বামী- মেজর (অবঃ) এ. কে. এম. আখতারুজ্জামান এর ২৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ কচুক্ষেত এলাকার সিবি-২৭৩/১ নং প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য ৩১ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত সময়সীমা বর্ধিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার ময়লা আবর্জনা অপসারণের জন্য একটি লোডার ক্রয়করণ কাজের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড, কনস্ট্রাকশন মেশিন এন্ড মেটারিয়াল হ্যান্ডলিং ডিভিশন, ৭৯, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৩৪,০০,০০০/- (চৌত্রিশ লক্ষ) টাকার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার ময়লা আবর্জনা অপসারণের জন্য একটি লোডার ক্রয়করণ কাজের জন্য গত ১৬ নভেম্বর ২০১৭ তারিখে দৈনিক জনতা এবং দি নিউ এইজ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ০৬/১২/২০১৭ তারিখে EOI আহবান করা হয়। নির্ধারিত তারিখে উক্ত কাজের অনুকুলে ০২টি প্রতিষ্ঠান EOI দাখিল করে। উক্ত EOIউম্মুক্ত করণের জন্য ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় অত্র দপ্তরের সভা কক্ষে দর মূল্যায়ণ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয় এবং প্রাপ্ত EOIউম্মুক্ত করা হয়। EOI আকারে মোট ০২টি প্রতিষ্ঠান যথা- Energypac Power Generation Ltd. এবং Max Group কাগজপত্র জমা দেয়। তন্মধ্যে Energypac Power Generation Ltd., Construction machines & Meterial Handling Division, 79, Shahid Tajuddin Ahmed Sharani, Tejgaon I/A, Dhaka-1208, Bangladesh-কে কারিগরী দিক থেকে যোগ্যতা সম্পন্ন বিবেচনা করা হয়। দর মূল্যায়ণ কমিটির সুপারিশের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৬ ডিসেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/এসটিপি/৪০/২৮৩ নং পত্রের মাধ্যমে কারিগরী দিক থেকে যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠান Energypac Power Generation Ltd. এর নিকট হতে বর্ণিত কাজের Financial offer চাওয়া হয়। সে প্রেক্ষিতে Energypac Power Generation Ltd. ৩৪,০০,০০০/- (চৌত্রিশ লক্ষ) টাকার দর দাখিল করে। এমতাবস্থায় Energypac Power Generation Ltd. কর্তৃক দাখিলকৃত ৩৪,০০,০০০/- (চৌত্রিশ লক্ষ) টাকার দর অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার ময়লা আবর্জনা অপসারণের জন্য একটি লোডার ক্রয়করণ কাজের জন্য এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড, কনস্ট্রাকশন মেশিন এন্ড মেটারিয়াল হ্যান্ডলিং ডিভিশন, ৭৯, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৩৪,০০,০০০/- (চৌত্রিশ লক্ষ) টাকার দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় স্টেশন সদর দপ্তর থেকে প্রাপ্য অনুদান দ্বারা সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২২ঃ ২৯ নভেম্বর ২০১৭ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-৩ ও ৪ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে দ্বিতল কিচেন মার্কেট নির্মাণ কাজের জন্য ১৮,৮১,১০,৯১৪/- (আঠার কোটি একাশি লক্ষ দশ হাজার নয়শত চৌদ্দ) টাকার স্থলে ২২,৫২,৯৫,৮৫৯/- (বাইশ কোটি বায়ান্ন লক্ষ পঁচানব্বই হাজার আটশত ঊনষাট) টাকা এবং রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে চার তলা রাইস মার্কেট নির্মাণ কাজের জন্য ২৪,৫৩,৪৮,৬৯০/- (চব্বিশ কোটি তিপ্পান্ন লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত নব্বই) টাকার স্থলে ৩৫,৩৪,১০,৫৮০/- (পঁয়ত্রিশ কোটি চৌত্রিশ লক্ষ দশ হাজার পাঁচশত আশি) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ নকশা প্রস্তুত করতে বিলম্ব হওয়ায় রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে চার তলা রাইস মার্কেট নির্মাণ কাজের জন্য আনুমানিক ২৪,৫৩,৪৮,৬৯০/- (চব্বিশ কোটি তিপ্পান্ন লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত নব্বই) টাকা এবং রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে দ্বিতল কিচেন মার্কেট নির্মাণ কাজের জন্য আনুমানিক ১৮,৮১,১০,৯১৪/- (আঠার কোটি একাশি লক্ষ দশ হাজার নয়শত চৌদ্দ) টাকারমূল্যানুমান প্রস্তুত করে ২৯ নভেম্বর ২০১৭ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-৩ ও ৪ এর মাধ্যমে উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয়। পরবর্তীতে রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে দ্বিতল কিচেন মার্কেট নির্মাণ কাজের জন্য ২২,৫২,৯৫,৮৫৯/- (বাইশ কোটি বায়ান্ন লক্ষ পঁচানব্বই হাজার আটশত ঊনষাট) টাকা এবং রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে চার তলা রাইস মার্কেট নির্মাণ কাজের জন্য ৩৫,৩৪,১০,৫৮০/- (পঁয়ত্রিশ কোটি চৌত্রিশ লক্ষ দশ হাজার পাঁচশত আশি) টাকার বিস্তারিত মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। এমতাবস্থায় ২৯ নভেম্বর ২০১৭ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-৩ ও ৪ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে দ্বিতল কিচেন মার্কেট নির্মাণ কাজের জন্য ১৮,৮১,১০,৯১৪/- (আঠার কোটি একাশি লক্ষ দশ হাজার নয়শত চৌদ্দ) টাকার স্থলে ২২,৫২,৯৫,৮৫৯/- (বাইশ কোটি বায়ান্ন লক্ষ পঁচানব্বই হাজার আটশত ঊনষাট) টাকা এবং রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে চার তলা রাইস মার্কেট নির্মাণ কাজের জন্য ২৪,৫৩,৪৮,৬৯০/- (চব্বিশ কোটি তিপ্পান্ন লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত নব্বই) টাকার স্থলে ৩৫,৩৪,১০,৫৮০/- (পঁয়ত্রিশ কোটি চৌত্রিশ লক্ষ দশ হাজার পাঁচশত আশি) টাকার মূল্যানুমান অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে দ্বিতল কিচেন মার্কেট নির্মাণ কাজের জন্য ২২,৫২,৯৫,৮৫৯/- (বাইশ কোটি বায়ান্ন লক্ষ পঁচানব্বই হাজার আটশত ঊনষাট) টাকা এবং দ্বিতীয় ধাপে চার তলা রাইস মার্কেট নির্মাণ কাজের জন্য ৩৫,৩৪,১০,৫৮০/- (পঁয়ত্রিশ কোটি চৌত্রিশ লক্ষ দশ হাজার পাঁচশত আশি) টাকার বিস্তারিত মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে নিজ খরচে দোকান করার জন্য জায়গা বরাদ্দের বিষয়ে জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা- সাদেক মিয়া এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান করার নিমিত্তে খালি জায়গা বরাদ্দের জন্য জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা- সাদেক মিয়া ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন। আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত সালামী পরিশোধ সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দোকান করার জন্য স্থান বরাদ্দ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা- সাদেক মিয়া-কে ১৫×১০ (১৫০ বর্গফুট কম/বেশী) জায়গা নিজ খরচে দোকান নির্মাণ করার শর্তে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এককালীন সালামী এবং প্রতি বর্গফুট ১২/- (বার) টাকা হারে মাসিক ভাড়ায় ০৫(পাঁচ) বছরের জন্য বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী ও রেভিনিউ অফিসার রজনীগন্ধা সুপার মার্কেটের খালি স্থান নির্দেশিত করে সরেজমিনে বরাদ্দগ্রহীতাগণকে বুঝিয়ে দিবেন।

আলোচ্যবিষয়-২৪ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের বর্ধিত কাজের জন্য মাহাবুব ব্রাদার্স প্রাঃ লিঃ কর্তৃক দাখিলকৃত ২৪,৮৫,৭২,৫৮৭/৪৫ (চব্বিশ কোটি পঁচাশি লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত সাতাশি টাকা পঁয়তাল্লিশ পয়সা) টাকার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের বর্ধিত কাজের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে ২৪,৮৫,৯২,০৮৩/- (চব্বিশ কোটি পঁচাশি লক্ষ বিরানব্বই হাজার তিরাশি) টাকার মূল্যানুমান অনুমোদন পাওয়া যায়। সে প্রেক্ষিতে উক্ত কাজের ঠিকাদার নিয়োগের লক্ষ্যে ২৭/১২/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মোট ০৪টি প্রতিষ্ঠান দর দাখিল করে। তন্মধ্যে মাহাবুব ব্রাদার্স প্রাঃ লিঃ কর্তৃক দাখিলকৃত ২৪,৮৫,৭২,৫৮৭/৪৫ (চব্বিশ কোটি পঁচাশি লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত সাতাশি টাকা পঁয়তাল্লিশ পয়সা) টাকার দরটি সর্বনিম্ন। উক্ত সর্বনিম্ন দরটি অনুমোদনের জন্য দর মূল্যায়ণ কমিটি সুপারিশ করা হয়েছে। এমতাবস্থায় মাহাবুব ব্রাদার্স প্রাঃ লিঃ কর্তৃক দাখিলকৃত ২৪,৮৫,৭২,৫৮৭/৪৫ (চব্বিশ কোটি পঁচাশি লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত সাতাশি টাকা পঁয়তাল্লিশ পয়সা) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য যে উক্ত কাজের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী হতে সংকুলান করা যেতে পারে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের বর্ধিত কাজের জন্য মাহাবুব ব্রাদার্স প্রাঃ লিঃ কর্তৃক দাখিলকৃত ২৪,৮৫,৭২,৫৮৭/৪৫ (চব্বিশ কোটি পঁচাশি লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত সাতাশি টাকা পঁয়তাল্লিশ পয়সা) টাকার দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় মার্কেটের দোকান/স্পেস বিক্রির আয় থেকে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৫ঃ ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-১৮(৬) এর বিপরীতে গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে অভ্যন্তরীন পরিবর্তন (Architechtural change) এর ক্ষেত্রে নকশা এমআইএসটি কর্তৃক ভেটিং প্রসংগে মহাখালী ডিওএইচএস এর ১৬৪ নং প্লট মালিক মিসেস হাসিনা খাতুন,স্বামী-মরহুল কর্ণেল রুহুল আলম সিদ্দিক এর ১০/১২/২০১৭ তারিখের আবেদনপত্রটি উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-১৮(৬) এর মাধ্যমে মহাখালী ডিওএইচএস এর ১৬৪ নং প্লট সংশোধিত ০৬ তলার (আভ্যন্তরীন পরিবর্তন-৫ম তলা) উপস্থাপন করা হলে উক্ত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৮ নভেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্লট নং-১৬৪/ডিওইচএস মহাখালী/১৪০ নং পত্রের মাধ্যমে এমআইএসটি ভেটিং বাবদ ১,০৬,২৬৩/- টাকা জমা করার জন্য প্লট মালিককে অনুরোধ করা হয়। অতঃপর উক্ত নকশা এমআইএসটিতে প্রেরণ না করে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট প্লট মালিক মিসেস হাসিনা খাতুন, স্বামী- মরহুল কর্ণেল রুহুল আলম সিদ্দিক ১০/১২/২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এ প্রসংগে আলোচনায় অংশ গ্রহণ করে ভবনের মূল স্ট্রাকচারে কোন পরিবর্তন না ঘটিয়ে আভ্যন্তরীন পরিবর্তন করা হলে এমআইএসটি'র মতামত গ্রহণ সংক্রান্ত সিদ্ধান্ত বাতিল করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এর ১৬৪ নং প্লটের আভ্যন্তরীন পরিবর্তনের প্রস্তাব অনুসারে ভবনের মূল স্ট্রাকচারের কোন পরিবর্তন না ঘটলে এমআইএসটি'র মতামত গ্রহণ সংক্রান্ত সিদ্ধান্ত পরিবর্তনপূর্বক ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৬ঃ খিলক্ষেত নেভাল এরিয়া, জোয়ার সাহারা মৌজাস্থিত সি এস দাগ নং- ২৯৫৩, ২৯৫৪, ২৯৫৫, ২৯৫৬, ৩০৭০, ৩০৭৮ এ ২টি বেজমেন্ট এবং জি+১০ তলা ভবন নির্মাণের নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ খিলক্ষেত নেভাল এরিয়া, জোয়ার সাহারা মৌজাস্থিত সিএস দাগ নং- ২৯৫৩, ২৯৫৪, ২৯৫৫, ২৯৫৬, ৩০৭০, ৩০৭৮ এ ২টি বেজমেন্ট এবং জি+১০ তলা ভবন নির্মাণের লক্ষ্যে নকশা অনুমোদনের জন্য নৌ কল্যাণ ফাউন্ডেশন, বাংলাদেশ নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা কর্তৃক নকশা দাখিল করা হয়। উল্লেখ্য যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা হতে ১৬/০২/২০১৭ তারিখের এএবি/এ-এ/এটিএস/১৫০১/২১/হশাআবি(অংশ-৬)/২০১৬/৯৯৭ নং পত্রের মাধ্যমে ছাড়পত্র প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে খিলক্ষেত নেভাল এরিয়া, জোয়ার সাহারা মৌজাস্থিত সি এস দাগ নং- ২৯৫৩, ২৯৫৪, ২৯৫৫, ২৯৫৬, ৩০৭০, ৩০৭৮ এ ২টি বেজমেন্ট এবং জি+১০ তলা ভবন নির্মাণের নকশা সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ছাড়পত্র সাপেক্ষে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আবাসিক ও অস্থায়ী পরিচয়পত্র ইস্যু করার নিমিত্ত বিশেষ নিরাপত্তা চিহ্ন সম্বলিত চাররঙা স্পট লেমিনেশনসহ ৫৫,০০০টি কার্ড ছাপানোর জন্য ৩,৯৮,৭২৫/- (তিন লক্ষ আটানব্বই হাজার সাতশত পঁচিশ) টাকা ব্যয়ের দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাস এলাকায় বসবাসকারী ব্যক্তিবর্গের আবাসিক পরিচয়পত্র ও সংলগ্ন এলাকায় বসবাসরত বেসামরিক ব্যক্তিবর্গ সেনানিবাস এলাকায় চলাচলের জন্য অস্থায়ী পরিচয় পত্র প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে বিশেষ নিরাপত্তা চিহ্ন সম্বলিত রঙিন ২০,০০০টি আবাসিক ও ৩৫,০০০টি অস্থায়ী পরিচয়পত্র ছাপানো প্রয়োজন। প্রতিটি কার্ড ৭.২৫ (সাত টাকা পঁচিশ পয়সা) টাকা হারে ৫৫,০০০০টি কার্ড ছাপতে ৩,৯৮,৭২৫/- (তিন লক্ষ আটানব্বই হাজার সাতশত পঁচিশ) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করা যেতে পারে। উল্লেখ্য যে, প্রতিটি নতুন পরিচয়পত্র ইস্যুর ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা ফি আদায় করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ৫৫,০০০ টি নিরাপত্তা চিহ্ন সম্বলিত চাররঙা স্পট লেমিনেশনসহ পরিচয়পত্র ছাপানোর জন্য ৩,৯৮,৭২৫/- (তিন লক্ষ আটানব্বই হাজার সাতশত পঁচিশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। দরপত্র আহবান করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৮ঃ ঢাকা সেনানিবাসে ট্রাফিক নিয়ন্ত্রণ কাজের জন্য ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসকে বিভিন্ন ট্রাফিক নিয়ন্ত্রণ সামগ্রী সরবরাহ বাবদ ৫,৫৯,৬০০/- (পাঁচ লক্ষ ঊনষাট হাজার ছয়শত) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে। উল্লেখ্য যে উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসে ১৩ এমপি ইউনিট নিয়ন্ত্রিত বিভিন্ন রোডে সুষ্ঠুভাবে ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য প্লাস্টিকের রোড ডিভাইডার, হানিকম্ব টেপ, নাইলন রশি, সাইনবোর্ড, নোএন্টিটেপ, রং সরবরাহ করণ কাজের জন্য এমপি ইউটিনের চাহিদার প্রেক্ষিতে বর্তমান বাজার মূল্য অনুযায়ী ৫,৫৯,৬০০/- (পাঁচ লক্ষ ঊনষাট হাজার ছয়শত) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য যে উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসে ট্রাফিক নিয়ন্ত্রণ কাজের জন্য ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসকে বিভিন্ন ট্রাফিক নিয়ন্ত্রণ সামগ্রী সরবরাহ বাবদ ৫,৫৯,৬০০/- (পাঁচ লক্ষ ঊনষাট হাজার ছয়শত) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে সিএস দাগ নং ৩১২-তে ০৪(চার) তলা বিশিষ্ট মার্কেটের লিফট স্থাপন কাজের জন্য এমইএস সিডিউল অব রেইটস্ ২০১৭ অনুযায়ী ৩০,৫৮,৮৩৯/- (ত্রিশ লক্ষ আটান্ন হাজার আটশত ঊনচল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে। উল্লেখ্য যে উক্ত কাজের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে সিএস দাগ নং ৩১২-তে ০৪(চার) তলা বিশিষ্ট মার্কেট নির্মাণ কাজ চলছে। অনুমোদিত নকশায় লিফট উল্লেখ ছিল না। পরবর্তীতে উর্ধ্বতন সেনাকর্তৃপক্ষের নির্দেশনার প্রেক্ষিতে বর্তমান প্রেক্ষপটে লিফট সংযোজন করার লক্ষ্যে উক্ত কাজের জন্য এমইএস সিডিউল অব রেইটস্ ২০১৭ অনুযায়ী ৩০,৫৮,৮৩৯/- (ত্রিশ লক্ষ আটান্ন হাজার আটশত ঊনচল্লিশ) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য যে উক্ত কাজের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে সিএস দাগ নং ৩১২-তে ০৪(চার) তলা বিশিষ্ট মার্কেটের লিফট স্থাপনের জন্য ৩০,৫৮,৮৩৯/- (ত্রিশ লক্ষ আটান্ন হাজার আটশত ঊনচল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৩০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে (১) মেসার্স রেম ট্রেডার্স, প্রোঃ ইমামুল আহসান (২) মেসার্স আর.এম এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ শাহেদ কাউছার ও (৩) মেসার্স জামান এন্টারপ্রাইজ, প্রোঃ কাজী কামরুজ্জামান-কে তালিকাভূক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ

| ক্র/নং | প্রতিষ্ঠান ও স্বত্বাধিকারীর নাম | ঠিকানা | আবেদন জমার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | মেসার্স রেম ট্রেডার্স<br>প্রোঃ ইমামুল আহসান | ৪৩ (৫ম তলা), উত্তর কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা। | ২৮/১১/২০১৭ | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। অভিজ্ঞতা নাই। |
| ২. | মেসার্স আর.এম এন্টারপ্রাইজ<br>প্রোঃ মোঃ শাহেদ কাউছার | ১১৮ মধ্য বাসাবো, সবুজবাগ, ঢাকা-১২১৪ | ৫/১২/২০১৭ | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। |
| ৩. | মেসার্স জামান এন্টারপ্রাইজ<br>প্রোঃ কাজী কামরুজ্জামান | ৪০ তেজকুনীপাড়া, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা। | ১৯/১১/২০১৭ | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে (১) মেসার্স রেম ট্রেডার্স, প্রোঃ ইমামুল আহসান (২) মেসার্স আর.এম এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ শাহেদ কাউছার ও (৩) মেসার্স জামান এন্টারপ্রাইজ, প্রোঃ কাজী কামরুজ্জামান-কেঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩১ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২১ ফ্ল্যাট নং-সি/১০ (৬ষ্ঠ তলা) রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | কর্নেল মোঃ আব্দুল কাদের খান (অবঃ), পিতা- মরহুম আব্দুল খালেক খান, বাড়ী নং-৫৬৬, রোড নং-৮ (নতুন) ২১ (পুরাতন), মিরপুর ডিওএইচএস, ঢাকা-১২১৬ তারিখ-২২/০৮/১৭। | মিসেস নাজমি আরা বেগম, স্বামী-মুহাম্মদ লুৎফুর রহমান , বর্তমান ঠিকানা- আশ্রয়, বাড়ী নং-২১, ফ্ল্যাট নং-সি/১০, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ | ০৫/৭/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০ .০৩.০২৮.০১.০৫. ০৭.১৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৩৭৪.৬ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট, নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মান ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫(পঁনের) কাঠা জমি বিশিষ্ঠ ২১ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৬ষ্ঠ তলার উত্তর পার্শ্বের ১৩৭৪.৬ বর্গফুট আয়তন বিশিষ্ট সি/১০ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কার পার্কিং এবং অবিভক্ত/অচিহ্নিত ০.৮২৬৪৪ অযুতাংশ জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ মিসেস নাজমি আরা বেগম, স্বামী- মুহাম্মদ লুৎফুর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য ফ্ল্যাটটির মালিক কর্ণেল মোঃ আব্দুল কাদের খান (অবঃ), পিতা- মরহুম আব্দুল খালেক খান ১৬ অক্টোবর ২০১৬ তারিখে আবেদন করেন। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৫ জুলাই ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৮.০১.০৫.০৭.১৭ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার মতামত প্রাপ্তি সাপেক্ষে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৬ষ্ঠ তলার উত্তর পার্শ্বের ১৩৭৪.৬ বর্গফুট আয়তন বিশিষ্ট সি/১০ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কার পার্কিং এবং অবিভক্ত/অচিহ্নিত ০.৮২৬৪৪ অযুতাংশ জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ মিসেস নাজমি আরা বেগম, স্বামী- মুহাম্মদ লুৎফুর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩২ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র / রেজিস্ট্রিকৃত হেবাদলিলমুলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-৭২, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা, দক্ষিণ-পশ্চিম), রোড নং-০৬ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) মেজর জেনারেল (অবঃ) ডাঃ মোঃ নাসির উদ্দিন,পিতা-সৈয়দ আলী বিশ্বাস (২) ডাঃ রওশন আঁরা, স্বামী-মেজর জেনারেল (অবঃ) ডাঃ মোঃ নাসির উদ্দিন,বাড়ী নং-৮১১, সড়ক-১১, এভিনিউ-৬, ডিওএইচএস মিরপুর, ঢাকা সেনানিবাস। | (১) মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান, পিতা-অধ্যাপক মৃত মোঃ আজিজুর রহমান ও (২) ডাঃ মোসাঃ আমেনা খাতুন, স্বামী-মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান, -বাড়ী নং-৭২, রোড নং-৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ | ২১/০৯/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.২১.০৯.১.১৭.৪৯৮১ নং পত্র। | ২৬/০৯/২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/৭২/ফ্লাট নং-বি/৫(৬ষ্ঠ তলা দক্ষিণ-পশ্চিম)/ ১০৯ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৪৫২ বঃফুঃ (নিচ তলায় ০১(এক) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ২. | প্লট নং-৭০, ফ্ল্যাট নং-সিএ/৩ (৩য় তলা) রোড নং-০৬ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | কাজী নাজমা করিম স্বামী-আবুল কাশেম মোহাম্মদ বজলুল করিম, বাড়ী নং-৫৮, রোড নং-১৫/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, জিগাতলা, ঢাকা-১২০৯। | আবু মোঃ খায়রুল হাছান পিতা-আবু মোঃ মহসীন, বাড়ী নং-৭০, ফ্ল্যাট নং-সিএ/৩, রোড নং-৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-০৭/১১/২০১৭ | ০১/০৬/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৮.০১.০১.০৬.১৭ নং পত্র। | ২৪ আগস্ট তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/৭০/ফ্লাট নং-সিএ/৩(৩য় তলা)/৫৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৪৮০ বঃফুঃ (নিচ তলায় ০১(এক) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

আলোচনা ঃ ২৯.১। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডে ৭২ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ১৪৫২ বর্গফুট আয়তন বিশিষ্ট ৬ষ্ঠ তলা দক্ষিণ-পশ্চিম পার্শ্বের বি/৫ নং ফ্ল্যাট, নিচতলায় ১টি কার পার্কিং (পার্কিং নং-বি/৫) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ ক্যান্টনমেন্ট বোর্ডের ২৬ নভেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৭২/ফ্ল্যাট নং-বি/৫(৬ষ্ঠ তলা দক্ষিণ-পশ্চিম)/১০৯ নং পত্রের মাধ্যমে (১) মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান, পিতা- অধ্যাপক মৃত মোঃ আজিজুর রহমান ও (২) ডাঃ মোসাঃ আমেনা খাতুন, স্বামী- মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক (১) মেজর জেনারেল (ডাঃ) মোঃ নাসির উদ্দিন, পিতা- সৈয়দ আলী বিশ্বাস ও (২) ডাঃ রওশন আরা, স্বামী- মেজর জেনারেল (ডাঃ) মোঃ নাসির উদ্দিন উক্ত ফ্ল্যাটের খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত ক্রেতার নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ উক্ত ফ্ল্যাটটি তাদের নামে নামজারী করার জন্য আবেদন করেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

২৯.২। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডে ৭০ নং প্লটে নির্মিত ০৪(চার) তলা বাড়ীর ১৪৮০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৩য় তলার সিএ/৩ নং ফ্ল্যাট, নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ অত্র দপ্তরের ২৪ আগস্ট ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৭০/ফ্ল্যাট নং-সিএ/৩(৩য় তলা)/৫৬ নং পত্রের মাধ্যমে জনাব আবু মোঃ খায়রুল হাছান পিতা-আবু মোঃ মহসীন এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস নাজমা করিম, স্বামী- ডাঃ আবুল কাশেম মোহাম্মদ বজলুল করিম উক্ত ফ্ল্যাটের খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত ক্রেতা জনাব আবু মোঃ খায়রুল হাছান, পিতা-আবু মোঃ মহসীন এর নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ উক্ত ফ্ল্যাটটি তার নামে নামজারী করার জন্য ০৭ নভেম্বর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার মতামত প্রাপ্তি সাপেক্ষে রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭২ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ১৪৫২ বর্গফুট আয়তন বিশিষ্ট ৬ষ্ঠ তলা দক্ষিণ-পশ্চিম পার্শ্বের বি/৫ নং ফ্ল্যাট, নিচতলায় ১টি কার পার্কিং (পার্কিং নং-বি/৫) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ (১) মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান, পিতা-অধ্যাপক মৃত মোঃ আজিজুর রহমান ও (২) ডাঃ মোসাঃ আমেনা খাতুন, স্বামী- মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান এর নামে যৌথভাবে অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় এবং ৭০ নং প্লটে নির্মিত ০৪(চার) তলা বাড়ীর ১৪৮০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৩য় তলার সিএ/৩ নং ফ্ল্যাট, নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ জনাব আবু মোঃ খায়রুল হাছান, পিতা- আবু মোঃ মহসীন এর নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে নিজ খরচে দোকান করার জন্য জায়গা বরাদ্দের বিষয়ে (১) জনাব মোঃ আরিফুল ইসলাম, পিতা-মৃত হামিদুল ইসলাম ও (২) জনাব দিপু রহমান, পিতা- মৃত ডাঃ মাহবুবুর রহমান এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান করার নিমিত্তে খালি জায়গা বরাদ্দের জন্য (১) জনাব মোঃ আরিফুল ইসলাম, পিতা-মৃত হামিদুল ইসলাম ও (২) জনাব দিপু রহমান, পিতা- মৃত ডাঃ মাহবুবুর রহমান আবেদন করেছেন। আবেদনকারীগণের আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত সালামী পরিশোধ সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দোকান করার জন্য স্থান বরাদ্দ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে (১) জনাব মোঃ আরিফুল ইসলাম, পিতা-মৃত হামিদুল ইসলাম ও (২) জনাব দিপু রহমান, পিতা- মৃত ডাঃ মাহবুবুর রহমান প্রত্যেককে ৫৬ (ছাপ্পান্ন) বর্গফুট করে জায়গা নিজ খরচে দোকান নির্মাণ করার শর্তে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এককালীন সালামী এবং প্রতি বর্গফুট ১২/- (বার) টাকা হারে মাসিক ভাড়ায় ০৫(পাঁচ) বছরের জন্য বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী ও রেভিনিউ অফিসার রজনীগন্ধা সুপার মার্কেটের খালি স্থান নির্দেশিত করে সরেজমিনে বরাদ্দগ্রহীতাগণকে বুঝিয়ে দিবেন।

আলোচ্যবিষয়-৩৪ঃ রিকশা লাইসেন্স ইস্যুকরণ প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসে বসবাসকারী ব্যক্তিবর্গের চাহিদার প্রেক্ষিতে পর্যাপ্ত সংখ্যক রিকশা না থাকায় মানুষের চলাচলে অসুবিধা হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যায়। এছাড়াও রিকশার অপ্রতুলতার কারণে রিকশা চালকগণ প্রায়শ:ই অতিরিক্ত ভাড়া আদায় করছেন মর্মেও অভিযোগ পাওয়া যাচ্ছে। তাই সেনানিবাসের ভিতরে চলাচলের সুবিধার্থে নতুন করে আরও ১০০(একশত)টি রিকশা লাইসেন্স ইস্যু করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসে বসবাসকারী ব্যক্তিবর্গের চাহিদার প্রেক্ষিতে নতুন করে ১০০(একশত)টি রিকশা লাইসেন্স ইস্যুর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সিনিয়র ইলেক্ট্রিক লাইনম্যানের শূণ্য পদে মাস্টার রোলে নিয়োগ প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার পরিধি বৃদ্ধি পাওয়ায় নিরাপত্তা বাতির সংখ্যাও পূর্বের তুলনায় কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। বিদ্যমান জনবলের মধ্য হতে বেশ কয়েকজন ইলেক্ট্রিক লাইনম্যান অবসরে যাওয়ায় বর্তমান জনবল দিয়ে সেবা প্রদান করা অসম্ভব হয়ে পড়েছে। জনাব মোঃ জুবায়ের হোসেন, পিতা- মোঃ বিল্লাল হোসেন সিনিয়র ইলেক্ট্রিক লাইনম্যান পদে নিয়োগের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার নিরাপত্তা বাতি সংক্রান্ত নিরবচ্ছিন্ন সেবা প্রদান নিশ্চিত করার জন্য সিনিয়র ইলেক্ট্রিক লাইনম্যান এর শূণ্য পদে নিয়োগ না হওয়া পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ীভাবে মাস্টাররোলে জনাব জনাব মোঃ জুবায়ের হোসেন, পিতা- মোঃ বিল্লাল হোসেন-কে মাসিক সর্বসাকুল্যে ১৮,০০০/- (আঠার হাজার) টাকা বেতন/ভাতায় ০১ জানুয়ারি, ২০১৮ তারিখ হতে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, চাকরীকালীন সময়ে তিনি মোট বেতনের সমপরিমান করে দুইটি উৎসব ভাতা এবং মোট বেতনের ২০% নববর্ষ ভাতা প্রাপ্য হবেন।

আলোচ্যবিষয়-৩৬ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ-তে অস্থায়ী ভিত্তিতে দুইজন আইসিএ নিয়োগ এবং অন্যান্য শূণ্য পদের বিপরীতে অস্থায়ীভাবে ১৫(পঁনের) জন লোকবল নিয়োগ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ এর জন্য অস্থায়ী ভিত্তিতে দুই জন আইসিএ নিয়োগের জন্য হাসপাতালের পরিচালক প্রশাসন এর প্রস্তাবের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ১১ ডিসেম্বর, ২০১৭ তারিখের ঢাক্যাবো/এমএস/১৩৬/১৩৭ নং পত্রের মাধ্যমে মেজর মঈনুল ইসলাম, প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস এর সভাপতিত্বে প্রার্থী বাছাই এর জন্য তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়। আইসিএ পদের বিপরীতে প্রাপ্ত চার জন আবেদনকারীর ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করে সুমাইয়া সুলতানা, পিতা- হালিম ব্যাপারী এবং ফেরদৌসী জাহান, পিতা- মোঃ আয়েশ উদ্দিন-কে নিয়োগের জন্য সুপারিশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ এর জন্য শূণ্য পদে নিয়োগ না হওয়া পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টাররোলে (১) সুমাইয়া সুলতানা, পিতা- হালিম ব্যাপারী এবং (২) ফেরদৌসী জাহান, পিতা- মোঃ আয়েশ উদ্দিন-কে মাসিক সর্বসাকুল্যে ১৭,০০০/- (সতের হাজার) টাকা বেতন/ভাতায় ০১ জানুয়ারি, ২০১৮ তারিখ হতে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৭ঃ নভেম্বর, ২০১৭ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে নভেম্বর, ২০১৭ মাসে বিভিন্ন খাতে ২,২৬,৮০,০৫৮/- (দুই কোটি ছাব্বিশ লক্ষ আশি হাজার আটান্ন) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৫,৪৫,৭০,০০০/- (পঁনের কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকার বিপরীতে নভেম্বর, ২০১৭ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ৮,৪৮,৬৭,২৫৮/- (আট কোটি আটচল্লিশ লক্ষ সাতষট্টি হাজার দুইশত আটান্ন) টাকা, যা মোট দাবীর ৫৪.৯০%।

সিদ্ধান্ত ঃ রাজস্ব আদায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নসহ ভবিষ্যতে বকেয়া কর আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-৩৮ঃ নভেম্বর, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা ঃ নভেম্বর ২০১৭ মাসে স্থানীয় আয়ের উৎস হতে মোট ৪,০০,৪৬,৭০৯/- (চার কোটি ছেচল্লিশ হাজার সাতশত নয়) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ নভেম্বর, ২০১৭ মাসে সর্বমোট আয় ১০,২৫,২৫,১৬৬/- (দশ কোটি পঁচিশ লক্ষ পঁচিশ হাজার একশত ছেষট্টি) টাকা। অপরদিকে নভেম্বর ২০১৭ মাসে সর্বমোট ব্যয় ৭,০২,৩৬,৯২৯/- (সাত কোটি দুই লক্ষ ছত্রিশ হাজার নয়শত ঊনত্রিশ) টাকা, সমাপনী জের ৩,২২,৮৮,২৩৭/- (তিন কোটি বাইশ লক্ষ আটাশি হাজার দুইশত সাইত্রিশ) টাকা।

সিদ্ধান্ত ঃ নভেম্বর ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো এবং পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৯ঃ মিরপুর ডিওএইচএস এলাকার বিভিন্ন সড়কে নিরাপত্তা বাতি সরবাহ প্রসংগে।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস এলাকার বিভিন্ন সড়কে ৩০/৩২ ওয়াটের ২০০টি এনার্জি সেভিং বাল্ব স্থাপনের জন্য মিরপুর ডিওএইচএস পরিষদের ২৫ নভেম্বর ২০১৭ তারিখের ১৭২৩/ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। ৩০/৩২ ওয়াটের ২০০টি এনার্জি সেভিং বাল্ব ক্রয় করতে আনুমানিক ৮২,০০০/- (বিরাশি হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এলাকার বিভিন্ন সড়কে স্থাপনের জন্য ৩০/৩২ ওয়াটের ২০০টি এনার্জি সেভিং বাল্ব ক্রয় করতে ৮২,০০০/- (বিরাশি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৪০ঃ ঢাকা সেনানিবাসস্থ কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৭৮/৪ নং প্লটে ০৭(সাত) তলা বাড়ী নির্মাণের সময়সীমা বৃদ্ধির বিষয়ে প্লটের মালিক এইচ এম ওলিউল্লাহ বাদশাহ এর ৩০ ডিসেম্বর, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৭৮/৪ নং প্লটে ০৭(সাত) তলা আবাসিক ভবন নির্মাণের জন্য ১৪ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩৪ এর মাধ্যমে ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য সময়সীমা বৃদ্ধি করা হয়। কিন্তু প্লট মালিক ৩০ ডিসেম্বর, ২০১৭ তারিখের আবেদনে আরো এক বছর সময় বৃদ্ধি করার জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৭৮/৪ নং প্লটে ০৭(সাত) তলা বাড়ী নির্মাণেরন সময়সীমা ৩১ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত বৃদ্ধির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।
সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'

10 Jan 18

(এস. এম. আব্দুল কাদের)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

**পরিশিষ্ট-'ক'**

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাহামুদুর হাসান, এএফডব্লিউসি, পিএসসি<br>অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মইনুল ইসলাম<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৭) | কাজী হাফিজুল আমিন<br>সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়<br>জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |